দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB

মানবিক ডাক্তার বাসুদেব কুমার সাহা

নিজস্ব প্রতিবেদক

Share

২৮ সেপ্টেম্বর ২০২৫, ০২:২৩ পিএম | আপডেট: ২৮ সেপ্টেম্বর ২০২৫, ০২:২৩ পিএম

রাজারবাগ কেন্দ্রীয় পুলিশ হাসপাতালে নাক, কান ও গলা বিভাগে সিনিয়র কনসালটেন্ট এবং বেসরকারি প্রতিষ্ঠান ম্যালিয়াস ইএনটি স্পেশালাইজড হাসপাতালে চীফ কনসালটেন্ট হিসেবে কাজ করছেন চিকিৎসক ডা. বাসুদেব কুমার সাহা। দেশ-বিদেশের জটিল রোগীদের সফল চিকিৎসার পাশাপাশি গ্রামের অসহায় ও দরিদ্র মানুষের জন্য বিনামূল্যে চিকিৎসা দিয়ে তিনি অর্জন করেছেন 'মানবিক ডাক্তার'-এর খেতাব। সম্প্রতি ৬৫ বছর বয়সী আবুল কাশেমের গলায় থাকা ৪৫ বছরের পুরনো থাইরয়েড টিউমার সফলভাবে অপসারণ করে তিনি নতুন দৃষ্টান্ত স্থাপন করেছেন।

কুমিল্লার সাত সন্তানের জনক আবুল কাশেম প্রায় অর্ধশতাব্দী ধরে গলায় বিশাল থাইরয়েড টিউমার নিয়ে কষ্টে দিন কাটাচ্ছিলেন। দেশের বাইরে গিয়েও কোনো

সমাধান না মেলায় অসহ্য যন্ত্রণাই তার নিত্যসঙ্গী হয়ে ওঠে। সময়ের সাথে টিউমার এত বড় হয়ে যায় যে শ্বাসনালী ও খাদ্যনালীর ওপর চাপ তৈরি করে শ্বাসকষ্ট ও খাবার খেতে মারাত্মক অসুবিধা হচ্ছিলো। মেরুদণ্ড পর্যন্ত বাঁকা হয়ে গিয়েছিল।

জীবন-মৃত্যুর ঝুঁকি নিয়েই অপারেশনের সিদ্ধান্ত নেন ডা. বাসুদেব কুমার সাহা। চলতি মাসের ১ তারিখে তিনি ১০ সদস্যের একটি টিম নিয়ে টানা ১০ ঘণ্টা অপারেশন করেন। এনেস্থেশিয়ার দায়িত্বে ছিলেন ডা. এসএমএ আলীম। বহু জটিলতার মধ্য দিয়ে অবশেষে টিউমারটি সফলভাবে অপসারণ করা সম্ভব হয়। অপারেশন শেষে রোগীর সুস্থতার খবর জানালে আবেগে কান্নায় ভেঙে পড়েন স্বজনরা। তিন মাস আগে নিজের বাবাকে হারানো ডা. বাসুদেবও রোগীর ছেলেকে জড়িয়ে কেঁদে ফেলেন। সৃষ্টি হয় এক মানবিক ও আবেগঘন পরিবেশ।

বিশেষজ্ঞরা জানিয়েছেন, এত বড় থাইরয়েড টিউমারের সার্জারি বিশ্বে অত্যন্ত বিরল ঘটনা। অক্টোপাসের মতো গুরুত্বপূর্ণ নার্ভ, রক্তনালী ও শ্বাসনালী আঁকড়ে থাকা টিউমার আলাদা করা ছিল বিশাল চ্যালেঞ্জ। ডা. বাসুদেব এটিকে 'একটি যুদ্ধ জয়' বলে অভিহিত করেছেন।

চিকিৎসার পাশাপাশি তিনি নিয়মিত গ্রামের দরিদ্র ও অসহায় রোগীদের বিনামূল্যে সেবা দিয়ে থাকেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে তার স্বাস্থ্য সচেতনতামূলক ভিডিও লাখো মানুষকে সচেতন করছে।

ফরিদপুর জেলার সালথা উপজেলার ফুলবাড়িয়া গ্রামের দরিদ্র পরিবারে জন্ম নেওয়া ডা. বাসুদেব নিজের মেধা ও অধ্যবসায়ের জোরে এই সাফল্য অর্জন করেছেন। ফরিদপুর মেডিকেল কলেজ থেকে ২০০৮ সালে এমবিবিএস পাস করার পর ২০১১ সালে বিসিএস স্বাস্থ্য ক্যাডারে যোগ দেন। ২০১৩ সালে নাক-কান-গলা বিষয়ে এমএস ভর্তি পরীক্ষায় সারা দেশে ১ম স্থান অর্জন করেন। ২০২০ সালে সর্বোচ্চ ডিগ্রি অর্জনের পাশাপাশি ভারত, নেপাল ও থাইল্যান্ডে উচ্চতর প্রশিক্ষণ নেন। তার গবেষণা দেশি-বিদেশি জার্নালে প্রকাশিত হয়েছে।

অপারেশন শেষে রোগীর মেয়ে সালমা বলেন, "জন্মের পর বাবাকে কোনোদিন স্বাভাবিক চেহারায় দেখিনি। আজ সেই ইচ্ছা পূর্ণ হয়েছে।" আরেক রোগী মোহাম্মদ শফিকুল ইসলাম জানান, "ডা. বাসুদেব শুধু একজন ডাক্তার নন, তিনি একজন ভালো মানুষ। তার প্রতি আমাদের অগাধ বিশ্বাস রয়েছে।"

বিভাগ : স্বাস্থ্য

মন্তব্য করুন

Name

Enter your comment here

Comment Add Image

No one has commented yet. Be the first!

এই বিভাগের আরও

গাইবান্ধায় ১১ জনের শরীরে অ্যানথ্রাক্সের উপসর্গ, যেভাবে ছড়াল

দেশে প্রথমবারের মতো অনুষ্ঠিত হলো ইএইচএ-এইচএসবি হেমাটোলজি টিউটোরিয়াল

এক সপ্তাহে ডেঙ্গুতে প্রাণ গেল ১৪ জনের

ডেঙ্গুতে প্রাণ গেল আরও ২ জনের

বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুণ্ন থাকবে: স্বাস্থ্য উপদেষ্টা

আরও

আরও পড়ুন

সাভারে হানী ট্রাপের শিকার ভিকটিমকে উদ্ধার, নারীসহ ৪ জন গ্রেফতার

গাজার সমর্থনে বিক্ষোভ অচল ইতালি, চাপের মুখে মেলোনির সরকার

উইন্ডিজকে ইনিংস ব্যবধানেই হারাল ভারত

জকিগঞ্জে যথাযোগ্য মর্যাদায় পবিত্র ফাতেহায়ে ইয়াজদাহম পালিত

স্বাধীনতার ৫৪ বছরেও পাকা হয়নি ১ কিলোমিটার রাস্তা, অর্ধলক্ষ মানুষের ভোগান্তি

গৌরনদীতে বাসচাপায় পথচারীর মৃত্যু

আমেরিকাকে আরব সাগরে বন্দর গড়ার প্রস্তাব দিয়েছে পাকিস্তান

দুই যুগ ধরে ধুঁকছে কুষ্টিয়ার শিশু পার্ক

উজিরপুরে মা ইলিশ সংরক্ষণ অভিযানের প্রথম দিনে অবৈধ জাল উদ্ধার ও মা ইলিশ অবমুক্ত

আমদানির পাশাপাশি রপ্তানিও বাড়াতে হবে : বিভাগীয় কমিশনা

ওয়ানডে দলে প্রথমবার সাইফ, ফিরলেন সোহান

আমদানির পাশাপাশি রপ্তানিও বাড়াতে হবে, বিভাগীয় কমিশনার মোঃ শহিদুল ইসলাম

চাটমোহরে ঈদগাহ মাঠের নামকরণ নিয়ে দুই গ্রামবাসীর সংঘর্ষ, আহত ৩০

রাশিয়ার সঙ্গে আরও ভালো সম্পর্ক চান ট্রাম্প: সাবেক মার্কিন কর্মকর্তা

জকিগঞ্জে ব্যবসায়ী নোমান হত্যাকাণ্ডে নতুন মোড়, মেয়ের দায়ের করা মামলায় শ্যালক হানিফ সুমন আটক

ঈশ্বরগঞ্জে জমি নিয়ে বিরোধে একজনকে পিটিয়ে হত্যা

আর্কটিকের তলদেশে প্রথম মানব-অভিযান চীনের

একটি ইংরেজি ও বাংলা দৈনিক সম্পর্কে হেফাজতের বিস্ফোরক মন্তব্য

ভিসতা ইলেকট্রনিকস লিমিটেডের সঙ্গে ডিআরইউ'র চুক্তি স্বাক্ষর

চাঁদপুরে মা ইলিশ সংরক্ষণে সচেতনতামূলক সভা ও নৌ র‍্যালি

সম্পাদক : এ এম এম বাহাউদ্দীন

পিএবিএক্স : 0241054521-3

ফ্যাক্স: 02223359404

ইমেইল: info@dailyinqilab.com

বিজ্ঞাপন বিভাগ ad@dailyinqilab.com

ইনকিলাব সম্পর্কে

গোপনীয়তার নীতি

শর্তাবলী

যোগাযোগ

ইনকিলাব এন্টারপ্রাইজ এন্ড পাবলিকেশন্স লি., ২/১, আর কে মিশন রোড, ঢাকা-১২০৩ এর পক্ষে সম্পাদক কর্তৃক প্রকাশিত এবং কাদেরিয়া পাবলিকেশন্স এন্ড প্রোডাক্টস লি., ২/১ আর কে মিশন রোড, ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত।

২০২৫ সর্বসত্ব সংরক্ষিত | দৈনিক ইনকিলাব